**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**BENGALI**

**DATE: 06-04-2025** **TIME: 7:45 PM**

---

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূর ওয়াকফ সংশোধণি বিল ২০২৫ এ অনুমোদন ।

২) আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে জেলা প্রশাসনগুলির প্রস্তুতি বৈঠক ।

৩) সমগ্র দেশের সঙ্গে আসামেও আজ ধর্মীয় রীতি নীতি ও উৎসাহ উদ্দীপনায় রাম নবমী উদযাপন ।

৪) বরাক উপত্যকার ক্রিকেট ইতিহাসে প্রথম বারের মতো শিলচরের ইটখলা এথলেটিক ক্লাব আসাম প্রিমিয়ার ক্লাব কাপ চ্যাম্পিয়ন ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ওয়াকফ সংশোধনী বিল ২০২৫ এ অনুমোদন জানিয়েছেন ।এর সঙ্গে সঙ্গে বিলটি আইনে পরিণত হয়েছে ।উল্লেখ্য গত বৃহস্পতিবার লোকসভায় বিলটি উত্থাপন করার পর ২৮৮ জন সদস্য বিলটির সপক্ষে এবং ২৩২ জন সদস্য বিলটির বিপক্ষে ভোট দিয়েছিলেন

।রাজ্যসভায় গত শুক্রবার ১২৮ জন সদস্য বিলটির পক্ষে এবং ৯৫ জন সদস্য বিপক্ষে ভোট দান করেন ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামী ২৪ শে এপ্রিল দুদিনের সফরে আসামে আসছেন । রাষ্ট্রপতি ঐদিন গুয়াহাটীর শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত ২০২৩ বর্ষের শ্রীমন্ত শঙ্করদেব পুরস্কার প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন ।এরপর রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু গুয়াহাটী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানেও অংশগ্রহণ করবেন ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল লোকসেবা ভবনে রাষ্ট্রপতির আসন্ন সফরের প্রারম্ভিক প্রস্তুতির খোঁজ নেওয়ার উদ্দেশ্যে রাজ্য সরকারের শীর্ষ আধিকারীক এবং গুয়াহাটী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে প্রতিটি কার্যসূচী সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট বিভাগগুলিকে নির্দেশ দেন ।

---

রাজ্যের ডিগ্রী কলেজগুলিতে থাকা উচ্চতর মাধ্যমিক শাখার একাদশ ও দ্বাদশ শ্রেণী আগামী পাঁচ বছর পর্যন্ত রাখা হবে ।এই সময়ে হাইস্কুলগুলিকে হাইয়ার সেকেন্ডারী স্কুলে উন্নীত করে একাদশ ও দ্বাদশ শ্রেণী সংযোজন করা হবে যাতে কলেজগুলি থেকে এই দুটি শ্রেণী সরিয়ে দেবার ফলে তাৎক্ষণিকভাবে ছাত্র ছাত্রীরা অসুবিধার সম্মুখীন না হয় ।শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু ঢকুয়াখানায় অনুষ্ঠিত আসাম বিজ্ঞান সমিতির ৫৫ তম রাজ্য অধিবেশনে অংশ নিয়ে একথা জানিয়েছেন ।

---

ভারতীয় জনতা পার্টীর ৪৬ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ দলের বশিষ্ঠ চারিআলির রাজ্য কার্যালয়ে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয় ।মুখ্যমন্ত্রী

ডঃ হিমন্ত বিশ্বশর্মা এবং বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া দলীয় পতাকা উত্তোলন করে এই কার্যসূচীর সূচনা করেন ।অনুষ্ঠানে প্রয়াত বিজেপি নেতাদের প্রতিচ্ছবিতে গভীর শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয় ।

---

এ উপলক্ষ্যে বিজেপির কাছাড় জেলা কমিটি আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে দলের প্রতিষ্ঠা দিবস পালন করেছে । দলের জেলা সভাপতি রূপম সাহা দলীয় পতাকা উত্তোলন করে প্রতিষ্ঠা দিবসের কার্যসূচীর সূচনা করেন । এছাড়া যুব মোর্চা , শহর -মন্ডল কমিটি , ও বি সি মোর্চা // স্বচ্ছ ভারত অভিযান , শিলচর সিভিল হাসপাতালের রোগীদের মধ্যে ফলমূল বিতরন ইত্যাদি কার্য্যসূচীর আয়োজন করে ।

---

রাজ্যে আসন্ন পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে বিভিন্ন জেলা প্রশাসনগুলির প্রস্তুতি অব্যাহত ।এই নির্বাচন উপলক্ষে জেলা প্রশাসনগুলির উদ্যোগে বিভিন্ন গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হয়ে নির্বাচনী সময়সূচী , মনোনয়নপত্র দাখিল প্রক্রিয়া , শপথনামা , নির্বাচনী প্রতীক চিহ্ন বিতরণের নিয়ম সম্পর্কে আলোচনা করা হচ্ছে । আজ শোনিতপুর জেলা প্রশাসন এবং গোলাঘাট জেলা প্রশাসনের এক গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে প্রশাসন অনুমোদিত কর্মচারীদের তালিকা , প্রচার সামগ্রীর অনুমোদিত মূল্য ইত্যাদি রাজনৈতিক দলগুলোকে প্রেরণ করা হয় ।

---

মণিপুরে শান্তি স্থাপনের লক্ষ্যে গতকাল নতুন দিল্লীতে এক ত্রিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । এই বৈঠকে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধির সঙ্গে মণিপুরের মেইতেই ও কুকী সংগঠনের প্রতিনিধি সহ নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন ।কেন্দ্রীয় সরকারের পক্ষে বিশেষ মধ্যস্থতাকারী হিসেবে

গোয়েন্দা সংস্থার অবসরপ্রাপ্ত সঞ্চালক এ কে মিশ্র বৈঠকে অংশ নেন । এই বৈঠকে রাজ্যে শান্তি ফিরিয়ে আনার জন্য গ্রহণ করা পন্থা সম্পর্কে আলোচনা করা সহ কুকী ও মেতেই সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক সহযোগীতা অক্ষুন্ন রাখার ওপর গুরুত্ব আরোপ করা হয় ।

---

সমগ্র দেশের সঙ্গে আসামেও আজ ধর্মীয় রীতি নীতি ও উৎসাহ উদ্দীপনায় রাম নবমী উদযাপন করা হয়েছে । ভগবান বিষ্ণুর সপ্তম অবতার শ্রী রামচন্দ্রের জন্মদিনের সঙ্গে সঙ্গতি রেখে হিন্দু ধর্মাবলম্বী লোকেরা এই উৎসবকে রাম নবমী হিসেবে উদযাপন করে আসছেন ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ রাম নবমী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । রাষ্ট্রপতি এক বার্তায় বলেন যে ভগবান রামের জীবন সত্য ,ধর্ম এবং ন্যায়ের পথ অনুসরণ করার অনুপ্রেরণা যোগায় । এই উৎসব নিষ্ঠা ও উৎসর্গের মনোভাবের মাধ্যমে মানব জাতির সেবার বার্তা প্রদান করে বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন । তিনি বলেন যে এই উৎসব জনসাধারণকে ত্যাগ ও নিঃস্বার্থ প্রেমের মূল্যবোধকে গ্রহণ করতে উৎসাহিত করে ।

---

কাছাড় জেলায় উৎসাহ-উদ্দীপনায় বাসন্তী পূজা ও রাম নবমী পালন করা হয়েছে । শিলচর শহরের সর্বজনীন মন্ডপ ও বাড়ীতে এবছর বাসন্তী পূজার আয়োজন করা হয়েছে । শিলচর মালুগ্রামের পঞ্চানন শিববাড়ী , আশ্রম রোডের মিলন মঞ্চ , বিবেকানন্দ রোডের মাতৃ মন্দির , প্রেমতলা দূর্গাবাড়ী , কল্লোল সংঘ , তারাপুরের বৈকুন্ঠধাম আশ্রম , অরুনাচলের ভৈরববাড়ী সহ বিভিন্ন মন্দির ও আশ্রমে বাসন্তী পূজার আয়োজন করা হয়েছে ।
এদিকে শিলচর বেরেঙ্গা তৃতীয় খন্ডের দাসপাড়ার বড়বাড়ির বাসন্তী পূজা এবছর ১৫৮ বছরে পা দিয়েছে ।

এ পূজো সম্পর্কে দাস পরিবারের সদস্য সুবিনয় দাস আমাদের সংবাদদাতাকে জানান -------- **বাইট ২৪ সেকেন্ড**

---

অসম ক্রিকেট সংস্থার উদ্যোগে আয়োজিত আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পয়নশিপের ফাইনাল খেলায় আজ শিলচরের ইটখলা এথলেটিক ক্লাব বিজয়ী হয়েছে । বরাক উপত্যকার ক্রিকেট ইতিহাসে প্রথমবারের মতো কোনো ক্লাব এই সফলতা অর্জন করেছে । গুয়াহাটীর জাজেস ফিল্ডে আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় আজ ইটখলা এথলেটিক ক্লাব বরপেটা জেলার তিরঙ্গা ক্লাবকে এক উইকেটে পরাজিত করে । প্রথমে ব্যাট করতে নেমে ইটখলা এথলেটিক ক্লাব ৩১ ওভার দু বলে ৯ উইকেট হারিয়ে ১০১ রান সংগ্রহ করে । জবাবে তিরঙ্গা ক্লাব ২৯ ওভার এক বলে ৯৭ রান তুলতে সক্ষম হয় । ইটখলা এথলেটিক ক্লাবের ঋত্বিক ধর ম্যাচের সেরা খেলোয়াড় হিসেবে নির্বাচিত হয়েছে ।

---

কাছাড় পুলিশ এক অভিযান চালিয়ে রূপালি দত্ত নামে এক নারী পাচারকারীকে গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে ।কাছাড় জেলার গুমরা চা বাগানের একটি নাবালিকাকে চাকুরীর প্রলোভন দিয়ে রাজস্থানে বিক্রী করার অভিযোগে তাকে গ্রেপ্তার করা হয় । জেলা পুলিশ সুপার নোমাল মাহাত্ত এক বিবৃতিতে জানান যে নাবালিকা পাচার চক্রের মূল অভিযুক্ত পলাতক রূপালি দত্তকে হায়দ্রাবাদের নানাক্রামগুডা অঞ্চল থেকে আটক করা হয় ।তাকে গ্রেপ্তার করার জন্য শিলচর থেকে পুলিশের এক বিশেষ দল হায়দ্রাবাদে প্রেরণ করা হয়েছিল বলে তিনি জানান ।উল্লেখ্য পুলিশ গত মার্চ মাসে রাজস্থান থেকে দুজন নাবালিকাকে উদ্ধার করেছিল এবং লীলারাম নামের একজন পাচারকারীকেও গ্রেপ্তার করেছিল ।

---

শ্রীভূমি জেলা হজ কমিটির সদস্য সচিব তথা অতিরিক্ত আয়ুক্ত আনিস রসুল মজুমদার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার হজ যাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম আগামী ৮ ,৯ ও ১৪ই এপ্রিল অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগামী ৮ই এপ্রিল বদরপুর দেওরাইল টাইটেল মাদ্রাসায় , ৯ই এপ্রিল আসিমগঞ্জের আসিমিয়া এম ই মাদ্রাসায় এবং ১৪ই এপ্রিল শ্রীভূমি শহরের সেটেলমেন্ট বাজার জামে মসজিদে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হবে । ওরিয়েন্টেশন প্রোগ্রাম প্রতিদিন সকাল ১০টা থেকে শুরু হবে । জেলা হজ কমিটি থেকে হজ যাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রামে যোগ দিতে আহ্বান জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ১২ই এপ্রিল হাইলাকান্দি শহরের রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে এবছরের হজ যাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসনের হজ শাখার পক্ষ থেকে এবছরের হজ যাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

---